

■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৯৫৭

পর্ব-৭: সওম (রোযা) (১ ত্রান্)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ

اَلْفَصلُ الْأُوَّلُ

আরবী

وَعَنْ سَهْلِ بْنِ سَعْدٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: فِي الْجَنَّةِ ثَمَانِيَةُ أَبْوَابٍ مِنْهَا: بَابٌ يُسَمَّى الرَّيَّانَ لَا يدْخلهُ إِلَّا الصائمون

বাংলা

১৯৫৭-[২] সাহল ইবনু সা'দ হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ জান্নাতের আটটি দরজা রয়েছে। এর মধ্যে 'রইয়ান' নামে একটি দরজা রয়েছে। সিয়াম পালনকারীগণ ছাড়া এ দরজা দিয়ে অন্য কেউ প্রবেশ করতে পারবে না। (বুখারী, মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ: বুখারী ৩২৫৭, সুনানুল কুবরা লিল বায়হাকী ৮৫২২।

ব্যাখ্যা

ব্যাখ্যা: জান্নাতের আটটি দরজার মধ্যে একটি দরজার নাম 'রইয়্যান'-এর নামকরণ করার কারণ এটাও হতে পরে যে, এ জান্নাত স্বয়ং তৃপ্ত তাতে অধিক নালা ও তাজা ফুলে ফলে তা সমৃদ্ধ। অথবা তাতে যারা প্রবেশ করবে তাদের তৃষ্ণা মিটে থাকে এবং স্থায়ী নিবাসে তাদের এ তৃপ্তি স্থায়িত্ব পাবে।

(لَا يَدْخُلُه إِلَّا الصَّائِمُوْنَ) তাতে শুধু সিয়াম পালনকারীগণই প্রবেশ করবে। অর্থাৎ- যাদের 'ইবাদাতের মধ্যে সিয়াম প্রাধান্য পেয়েছে তারা তাতে প্রবেশ করবে যদিও তাদের অন্যান্য 'ইবাদাতেও কোন ঘাটতি নেই।

'আল্লামা সিন্দী (রহঃ) বলেনঃ العادل দ্বারা উদ্দেশ্য যারা অধিক পরিমাণে সিয়াম পালন করে। যেমন العادل ন্যায়পরায়ণ, অর্থাৎ- ন্যায়ানুগ কাজ করা যার অভ্যাসে পরিণত হয়েছে, অনুরূপভাবে الغالم (যালিম) অর্থাৎ- যুলম করা যার অভ্যাসে পরিণত হয়েছে। মাত্র একবার ন্যায়সঙ্গত করলে তাকে ন্যায়পরায়ণ বলা হয় না। অনুরূপ



শুধুমাত্র একবার যুলম করলেই তাকে যালিম বলা হয় না।

কেউ কেউ প্রশ্ন তুলেছেন যে, অত্র হাদীস এবং সহীহ মুসলিমে 'উমার থেকে বর্ণিত মারফ্' হাদীস যাতে বলা হয়েছে তোমাদের মধ্যে যে ব্যক্তি সুন্দরভাবে উত্তমরূপে উয়ু করবে, অতঃপর বলবে الله الله وَرُسُونُكُه) তার জন্য জান্নাতের আটি দরজা খুলে দেয়া হবে। সে এর যে কোন দরজা দিয়ে স্বীয় ইচ্ছানুযায়ী প্রবেশ করবে। এখানে নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ সে ব্যক্তি তার ইচ্ছানুযায়ী যে কোন একটি দরজা দিয়ে প্রবেশ করবে অথচ এই উয়ুকারী ব্যক্তি অধিক সিয়াম পালনকারী নাও হতে পারে; তা হলে তো এ দুই হাদীসের মধ্যে বৈপরীত্য হয়ে গেল।

দু'ভাবে এ প্রশ্নের জওয়াব দেয়া যেতে পারে।

- ১. সায়িমদের দরজা 'রইয়্যান' থেকে তার মনকে ঘুরিয়ে দেয়া হবে ফলে সে এই 'রইয়্যান' দরজা ব্যতীত অন্য যে কোন দরজা দিয়ে প্রবেশ করবে।
- ২. 'উমার এর হাদীসটি বর্ণনার ক্ষেত্রে শব্দের ভিন্নতা রয়েছে। তিরমিযীর বর্ণনায় রয়েছে, জান্নাতের দরজাসমূহের মধ্যে থেকে তার জন্য আটটি দরজা খুলে দেয়া হবে। এতে বুঝা যায় যে, জান্নাতের দরজা আটেরও অধিক। আর ঐ ব্যক্তির খুলে দেয়া আটটি দরজা সিয়াম পালনকারীদের জন্য নির্দিষ্ট দরজা 'রইয়্যান' ব্যতীত অন্য যে কোন আটটি দরজা খুলে দেয়া হবে। অতএব দু' হাদীসের মধ্যে কোন বৈপরীত্য নেই।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন